

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(মাননীয় মন্ত্রীর দপ্তর)
প্রেস রিলিজ

প্রধানমন্ত্রীর নেতৃত্বে, সকলের অংশগ্রহণে আমাদের উন্নয়ন- এলজিআরডি মন্ত্রী

ঢাকা, ১৫ অক্টোবর, ২০২২, শনিবার।

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী মোঃ তাজুল ইসলাম বলেছেন, দেশের উন্নয়ন কোথাও থেকে কেউ তাবিজ পড়া বা মন্ত্র দিয়ে করেননি, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে দেশের মানুষের সম্মিলিত প্রচেষ্টার, সকলের অংশগ্রহণেই আমাদের উন্নয়ন। সুযোগ-সুবিধাগুলো উন্মুক্ত করার ফলে আজ আমরা অনুন্নত থেকে উন্নয়নশীল দেশে উন্নিত হয়েছে।

আজ রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে বিশ্ব হাত ধোয়া দিবস ২০২২ উদযাপন উপলক্ষে স্থানীয় সরকার বিভাগের আওতাধীন জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর আয়োজিত এক অনুষ্ঠানে তিনি একথা বলেন।

মন্ত্রী বলেন, আগে দারিদ্র্য পরিস্থিতি এমন ছিলো যে, অনেকে খেতে পেতো না। বর্তমানে সে পরিস্থিতি নেই। দেশ দুর্নীতি মুক্ত হয়নি, নানান সমস্যা আছে। কিন্তু উন্নতিও হয়েছে, মাথাপিছু আয় অনেক বেড়েছে।

হাত ধোয়ার প্রয়োজনীয়তা সম্পর্কে মন্ত্রী বলেন, হাতের মাধ্যমে অনেক রোগ ছড়িয়ে পড়ে। হাত ধোয়ার মাধ্যমে অনেক রোগ হতে মুক্ত থাকার জন্য নিয়মিত হাত ধোয়ার অভ্যাস গড়ে তুলতে হবে।

ডেঙ্গু পরিস্থিতি নিয়ে মন্ত্রী বলেন, ডেঙ্গু ভয়াবহ আঁকার ধারণ করার আশঙ্কা নেই। তবে পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে সংশ্লিষ্টদের সতর্ক ও সচেতন থাকতে হবে। ডেঙ্গুতে একজনের মৃত্যুও দুঃখজনক। গতবারের চেয়ে এবার আক্রান্তের সংখ্যা বেড়েছে। যেসব এলাকায় বেশি ছড়িয়েছে, সেসব এলাকাকে গুরুত্ব দিয়ে অভিযান চলছে। সিটি করপোরেশন অভিযান পরিচালনা করছে। পর্যাপ্ত কীটনাশক বরাদ্দ করা হয়েছে। মনিটরিং করা হচ্ছে। কিন্তু সবাই সচেতন না থাকলে ডেঙ্গু প্রতিরোধ করার কাজ কঠিন।

স্থানীয় সরকার বিভাগের সচিব মেজবাহ উদ্দিনের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশে সুইজারল্যান্ডের রাষ্ট্রদূত নাথালি চুয়ার্ড এবং ইউনিসেফের বাংলাদেশ প্রতিনিধি শেলডন ইয়েট। এছাড়া বক্তব্য রাখেন জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের প্রধান প্রকৌশলী মো. সাইফুর রহমান।

স্বাক্ষরিত/ -

মোঃ রুবেল রানা

জনসংযোগ কর্মকর্তা

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়
মন্ত্রণালয়

মোবাইল- ০১৫২১৫১৭২৯৩

[ইমেইল-pro.lgd20@gmail.com](mailto:pro.lgd20@gmail.com)

সম্মানিত বার্তা সম্পাদক/ চিফ রিপোর্টার/ সি, ডিপিআইও(প্রেস)
সকল সংবাদ মাধ্যম/ পিআইডি।



